

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৯/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ হাবিবুর রহমান রাজ  
পিতা:-মোঃ সিরাজুল ইসলাম  
ঠিকানা- দৈনিক সরেজমিন বার্তা  
৭৫, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড  
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব এস. এম. হাবিবুল্লাহ  
সহকারী প্রকৌশলী  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
মোড়েলগঞ্জ পৌরসভা কার্যালয়  
মোড়েলগঞ্জ, বাগেরহাট।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩১-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০৭-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব এস. এম. হাবিবুল্লাহ, সহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মোড়েলগঞ্জ পৌরসভা কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-  
দরপত্র বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপন বিষয়ক তথ্যঃ

(১) দরপত্র বিজ্ঞপ্তি নং - ০২/২০১৫-২০১৬

স্মারক নং - মোপৌ/ ১৫-১৬/৪০০

তারিখ : ০৫/১১/২০১৫ ইং

ক) উল্লেখিত নম্বরের দরপত্র বিজ্ঞপ্তিটি যেসব জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে সেসব পত্রিকার নাম

খ) বিজ্ঞপ্তিটি যে তারিখে পত্রিকায় প্রকাশিত হয়েছে সেই তারিখ

গ) যে প্রতিষ্ঠানটি কার্যাদেশ পেয়েছে তার নাম ও ব্যবসায়িক ঠিকানা

ঘ) যে কয়টি সিডিউল জমা পড়েছিলো তার বিস্তারিত

ঙ) দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তপত্র

চ) বিজ্ঞপ্তিটি প্রকাশের পর পত্রিকা কর্তৃপক্ষ যে বিল/ভাউচারের মাধ্যমে বিজ্ঞাপনের বিলের টাকা দাবী করেছে সেই বিল দাবীর কাগজ পেতে চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৫-০২-২০১৬ তারিখে জনাব এস এম মনিরুল হক, মেয়র ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মোড়েলগঞ্জ পৌরসভা কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনটি গ্রহণ না করায় প্রতিকার চেয়ে অভিযোগকারী ০৯-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

- ৪। ০৮-০৫-২০১৬ তারিখের শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু প্রতিপক্ষ গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ৩১-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩১-০৫-২০১৬ তারিখে শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- ৬। প্রতিপক্ষ জনাব এস. এম. হাবিবুল্লাহ, সহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মোড়েলগঞ্জ পৌরসভা কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত সকল তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করা হয়েছে। অদ্য শুনানীতে ০১ নং ক্রমিকে উল্লিখিত অভিযোগকারীর যাচিত সকল তথ্য সাথে নিয়ে এসেছেন। কমিশনে নির্দেশনা অনুযায়ী তিনি অভিযোগকারীকে সকল তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব এস. এম. হাবিবুল্লাহ, সহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মোড়েলগঞ্জ পৌরসভা কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার

